



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০০.০১৭.২৫.০০০১.২৫.৩৯

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বিএআরসি কর্তৃক আয়োজিত “Greenhouse Gas Accounting and Energy management (Based on ISO 14064, Part 1&2 and ISO 50001) and Environment Management System (EMS) 14001: 2018” শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পার্টনার প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বন ইউনিট কর্তৃক আয়োজিতব্য “Greenhouse Gas Accounting and Energy management (Based on ISO 14064, Part 1&2 and ISO 50001) and Environment Management System (EMS) 14001: 2018” শীর্ষক প্রশিক্ষণটি আগামী ২০ ডিসেম্বর ২০২৫ খ্রি. সভাকক্ষ-২ (মূল ভবন, ৩য় তলা), বিএআরসি এবং ২১ ডিসেম্বর হতে ২৪ ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত প্রতিদিন সকাল ৯.০০-৫.০০ ঘটিকা পর্যন্ত সার্ক কৃষি কেন্দ্র এর সভাকক্ষ, বিএআরসিতে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণে মোট ২৫ (পঁচিশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করবেন। উক্ত প্রশিক্ষণে আপনার প্রতিষ্ঠান হতে কৃষিতে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ইনস্টিটিউশনাল ফোকাল পার্সন, বিকল্প ফোকাল পার্সন এবং Greenhouse Gas Accounting সংক্রান্ত গবেষণা কার্যক্রমের সাথে সরাসরি সম্পর্কিত বিজ্ঞানী/কর্মকর্তা নিম্ন বর্ণিত ছক মোতাবেক প্রশিক্ষণার্থী মনোনয়ন করে মনোনয়নের তালিকা (নাম, পদবী, ঠিকানা, মোবাইল এবং ই-মেইলসহ) আগামী ১১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে ড. কাজী নূর-এ-আলম জুয়েল, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (বন), বিএআরসি (ই-মেইল: kazi.jewel@barc.gov.bd) এর নিকট সফট কপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।
উল্লেখ্য যে, মনোনীত অংশগ্রহণকারীর প্রশিক্ষণকালীন সময়ে সার্বক্ষণিক উপস্থিতি বাধ্যতামূলক।

| ক্র.নং | প্রতিষ্ঠানের নাম | সংখ্যা |
|--------|---|--------|
| ১। | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (সরেজমিন গবেষণা বিভাগ- ৩ জন, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ- ৩ জন) | ৬ জন |
| ২। | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | ৪ জন |
| ৩। | বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট | ১ জন |
| ৪। | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | ১ জন |
| ৫। | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ১ জন |
| ৬। | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | ৫ জন |

বর্ণিত বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

০৭-১২-২০২৫

ড. মোঃ আবদুহ ছালাম

নির্বাহী চেয়ারম্যান (রপটিন দায়িত্ব)

+৮৮০২-৪১০২৫২৫২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

- ৩। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ৪। মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট।
- ৫। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
- ৬। পরিচালক, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০০.০১৭.২৫.০০০১.২৫.৩৯/১ (২)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি'র ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ২। ইনফরমেশন অফিসার, পাবলিকেশন ও ডকুমেন্টেশন শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (তথ্য সংগ্রহের অনুরোধসহ)।



Jalam

০৭-১২-২০২৫

ড. মোঃ আবদুছ ছালাম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)